# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
## মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২০৬

তারিখঃ ০৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বিএসইসির সাথে সিডিবিএল এর সভা প্রসঙ্গে।**

অদ্য ২১ জানুয়ারি ২০২৬ তারিখে বেলা ১০:৩০ টায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে কমিশন সভা কক্ষে বিএসইসির সাথে সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ সভাপতিত্ব করেন এবং সিডিবিএল এর পক্ষে সিডিবিএল এর চেয়ারম্যান তপন চৌধুরী নেতৃত্ব দেন। এসময় পুঁজিবাজারের অটোমেশন, পুঁজিবাজারের কাঠামোগত আধুনিকায়ন, কেওয়াইসি সিস্টেম ডেভেলপমেন্ট, সার্ভেইল্যান্স যুগোপযোগীকরণ, প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ, পুঁজিবাজারের উন্নয়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

সভায় বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ অন্যান্যের মধ্যে বলেন, "পুঁজিবাজারে ভালো ও মৌল ভিত্তিসম্পন্ন কোম্পানিসমূহকে তালিকাভুক্ত করতে হবে। নতুন আইপিও রুলসের মাধ্যমে আরো বেশি প্রফেশনাল ও বিশ্বমানের পদ্ধতিতে প্রাইস ডিসকভারির সুযোগ তৈরি হয়েছে। পুঁজিবাজারে বিভিন্ন ক্ষেত্রে সিডিবিএল এর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। কেওয়াইসি সিস্টেম ডেভেলপমেন্ট ও সার্ভেইল্যান্স যুগোপযোগীকরণসহ পুঁজিবাজারের উন্নয়নে সিডিবিএলকে লিডারশিপ রোলে দেখতে চায় বিএসইসি।" তিনি পুঁজিবাজারে উন্নয়ন পরিকল্পনা ও তার বাস্তবায়নে সিডিবিএল সক্রিয় অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করেন। মিউচুয়াল ফান্ড খাতের উন্নয়নের জন্য সিডিবিএলকে কাস্টডিয়ানের মতো নতুন ভূমিকায়ও কমিশন দেখতে চায় বলে উল্লেখ করেন তিনি।

অনুষ্ঠিত সভায় সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর চেয়ারম্যান তপন চৌধুরী অন্যান্যের মধ্যে বলেন, "দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য কোম্পানিগুলোর পুঁজিবাজারে আসা উচিত। পুঁজিবাজারের উন্নয়নে সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর পক্ষ থেকে সব ধরণের সহযোগিতা করা হবে।"

বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিডিবিএল এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবদুল মোতালেব, সিডিবিএল এর চিফ ফিন্যান্সিয়াল অফিসার ও কোম্পানি সচিব মোহাম্মদ শহীদুল ইসলাম, বিএসইসির নির্বাহী পরিচালক, পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ আরো অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২১/০১/২০২৬

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

